# তথ্য অধিকার আইন
# ও
# বিধিবিধান

**তথ্য পেলে জনগণ**

**নিশ্চিত হবে সুশাসন**

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

# তথ্য অধিকার আইন, ২০০৯: সংক্ষিপ্ত পরিচিতি

রাষ্ট্রের সকল ক্ষমতার মালিক জনগণ। আর তাই প্রকৃত কল্যাণ রাষ্ট্র গঠনে জনগণের ক্ষমতায়ন, তথ্যের অবাধ প্রবাহ ও জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করা এবং গণমুখী প্রশাসনিক ব্যবস্থা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করা হয়েছে। তথ্য প্রদানের মধ্য দিয়ে তথ্য প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কে ভুল ধারণা ও অবিশ্বাস দূর হয় এবং প্রতিষ্ঠান সেবাগ্রহীতার বিশ্বাস ও আস্থা অর্জন করতে পারে।

## তথ্য প্রাপ্তির আবেদন

**তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৮ অনুযায়ী আবেদনের নিয়ম-**

- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে
- পূর্ণ নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ইমেইল ঠিকানা সংযুক্ত করে সরাসরি বা ইমেইলের মাধ্যমে আবেদন করা যাবে
- আবেদনকৃত তথ্যের নির্ভুল ও স্পষ্ট বর্ণনা থাকতে হবে
- আবেদনকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের লক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য প্রাসঙ্গিক সকল তথ্যাদির স্পষ্ট উল্লেখ থাকতে হবে
- কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার স্পষ্ট বর্ণনা থাকতে হবে
- তথ্য প্রাপ্তির পূর্বে নির্ধারিত মূল্য নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে

## তথ্য প্রদানের সময়সীমা

**তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৯ অনুযায়ী তথ্য প্রদানের সময়সীমা-**

- দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার কাছে তথ্যাদি মজুদ থাকলে ২০ কার্যদিবস
- তথ্যাদি মজুদ না থাকলে এবং অন্য একাধিক কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে ৩০ কার্যদিবস
- ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হইতে মুক্তি সম্পর্কিত হইলে অনুরোধ প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে
- তবে তথ্য প্রদানে অপারগ হলে কারণ উল্লেখপূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করতে হবে

# কতিপয় তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয়

**তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ অনুযায়ী কতিপয় তথ্য প্রদান বাধ্যতামূলক নয়-**

- বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকিস্বরূপ কোন তথ্য
- বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ণ হইতে পারে এমন তথ্য বা বিদেশী সরকারের নিকট হতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য
- তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হয় এমন বাণিজ্যিক বা ব্যবসায়িক গোপন বিষয়াদি; কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ সম্পর্কিত তথ্য; কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ তথ্য
- কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এমন তথ্য
- প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হয় বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এমন তথ্য
- জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এমন তথ্য
- তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে, তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এমন তথ্য
- ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে, ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এমন তথ্য
- আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যা প্রকাশ করা আদালত অবমাননার শামিল এমন তথ্য
- আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য বা একটি নির্দিষ্ট সময়ে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এমন তথ্য
- ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার আগে বা সেই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের আগে সংশ্লিষ্ট ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য
- জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হয় এমন তথ্য
- পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য
- মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি

## তথ্য না পেলে করণীয়

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ২৪ অনুযায়ী- নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না পেলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে সময়সীমা অতিক্রান্ত হবার পরে বা সিদ্ধান্ত পাবার পরে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করা যাবে। আপিল কর্তৃপক্ষ পরবর্তী ১৫ দিনের মধ্যে আপিল আবেদন নিষ্পত্তি করবেন বা আবেদন খারিজ করবেন।

## তথ্য কমিশনে অভিযোগ দাখিল

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ২৫ অনুযায়ী- নির্ধারিত সময়ের মধ্যে আপীল আবেদন নিষ্পত্তি না হলে বা আপীলের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে বা তথ্য না পেলে সিদ্ধান্ত প্রাপ্তির বা সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। তথ্য কমিশন সাধারণভাবে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে, তবে ক্ষেত্রবিশেষে, সর্বমোট ৭৫ (পঁচাত্তর) দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করবে।

**আইনের বিস্তারিত জানতে: http://bdlaws.minlaw.gov.bd/act-1011.html**

**পোল্ট্রি ও প্রাণিসম্পদ উন্নয়নে কারিগরি পরামর্শ জানতে: blri.gov.bd**

**দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাঃ**

| নাম | দেবজ্যোতি ঘোষ |
|---|---|
| পদবি | তথ্য কর্মকর্তা |
| মোবাইল নম্বর | +৮৮০১৯১৩৮১০৮৭১ |
| ইমেইল | devjyotighosh@blri.gov.bd |
| পত্র প্রেরণের ঠিকানা | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা-১৩৪১। |

**আপিল কর্মকর্তাঃ**

| নাম | ড. শাকিলা ফারুক |
|---|---|
| পদবি | মহাপরিচালক (সাময়িক দায়িত্ব) |
| ফোন নম্বর | +৮৮০২২২৪৪৯১৬৭৬ |
| ইমেইল | dg@blri.gov.bd |
| পত্র প্রেরণের ঠিকানা | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা-১৩৪১। |

**প্রকাশনা নম্বর: ৩৩৯ (৩য় সংস্করণ), প্রকাশ কাল: জুন ২০২৫, মুদ্রণ সংখ্যা: ১০০০ কপি**